



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

Bangladesh Food Safety Authority

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য
খাদ্য মন্ত্রণালয়



নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে মোড়কাবন্ধ খাদ্য লেবেলিং বিষয়ক সতর্কীকৃণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক খাদ্যের নিরাপদতা রক্ষার্থে মোড়কাবন্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা, ২০১৭ (এস. আর. ও নং ৯৩-আইন/২০১৭ তারিখ ৬ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ/১৯ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ) জারি করা হয়েছে। খাদ্য উৎপাদনকারী, আমদানিকারক, সরবরাহকারী, খাদ্য মোড়কজাতকারী, খাদ্য ব্যবসায়ী ও গ্রাহকসহ সংশ্লিষ্ট সকলকে খাদ্য দ্রব্য ও বিক্রয়ের ক্ষেত্রে মোড়কাবন্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা, ২০১৭ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

মোড়কাবন্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা, ২০১৭ এর উল্লেখযোগ্য অনুসরণীয় বিষয়গুলো হচ্ছে:

১. মোড়কাবন্ধ খাদ্যের লেবেলিং অবশ্যই বাংলা ভাষায় লিখতে হবে।
২. মোড়কাবন্ধ খাদ্যের লেবেলিং অবশ্যই সুস্পষ্ট ও সহজে পঠিতব্য হতে হবে।
৩. উৎপাদন তারিখ, উভয় ভোগের সর্বোচ্চ তারিখ, ব্যবহারের সর্বশেষ তারিখ ও মেয়াদোভীর্ণের তারিখ যথাযথভাবে দৃষ্টিগোচর স্থানে বাংলা ভাষায় লিখতে হবে।
৪. খাদ্য ও খাদ্যপণ্যের নামের ক্ষেত্রে আইনগত বা প্রচলিত নাম হতে হবে।
৫. খাদ্য উপকরণের নামের তালিকা ওজন/পরিমাণ অনুসারে লেবেলে উল্লেখ করতে হবে।
৬. মোড়কাবন্ধ খাদ্যের লেবেলে নেট ওজন এবং পরিমাণ যথাক্রমে তরল খাদ্যের ক্ষেত্রে লিটার/মিলিলিটার এবং অন্যান্য খাদ্যের ক্ষেত্রে কিলোগ্রাম/গ্রাম/মিলিগ্রাম উল্লেখ করতে হবে।
৭. খাদ্য ও খাদ্য সংযোজক (Food Additive) দ্রব্য, পুষ্টিগত তথ্য, ব্যাচ, কোড, লট নম্বর, ইত্যাদি তথ্য লেবেলে স্পষ্টভাবে বাংলায় উল্লেখ করতে হবে।
৮. খাদ্য দ্রব্যের মোড়কে লিপিবদ্ধ তথ্যাবলী পরিবর্তন করে বিক্রয় করা যাবে না।
৯. খাদ্যদ্রব্যের মোড়কে লিপিবদ্ধ তথ্যাবলী অমোচনীয় কালি দিয়ে লিখতে হবে।
১০. নকল/ভেজাল খাদ্য প্রতিরোধে মোড়কের গায়ে Barcode / QR code উল্লেখ করতে হবে।
১১. খাদ্যপণ্যে এলার্জি সৃষ্টিকারী খাদ্যোপকরণ থাকলে তা লেবেলে উল্লেখ করতে হবে।
১২. খাদ্যপণ্যের লেবেলে কোন মিথ্যা তথ্য বা দাবি বা বিভ্রান্তিকর/প্রতারণামূলক তথ্য লিপিবদ্ধ করা যাবে না।
১৩. খাদ্য সংযোজন দ্রব্য (Food Additives) আছে এইরূপ খাদ্যের লেবেলে বিশুদ্ধ/খাঁটি/পিওর বা অনুরূপ কোন অভিব্যক্তি লেবেলে উল্লেখ করা যাবে না।
১৪. মাত্রদুর্ঘ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা অনুরূপ কোন অভিব্যক্তি লেবেলে উল্লেখ করা যাবে না।
১৫. ট্রেড লাইসেন্স অনুযায়ী খাদ্য বা খাদ্যপণ্য প্রস্তুতকারকের নাম ও ঠিকানা স্পষ্টভাবে লেবেলে অমোচনীয় কালিতে লিখিত বা মুদ্রিত হতে হবে।
১৬. আমদানিকৃত খাদ্য বা খাদ্যপণ্যের ক্ষেত্রে প্রস্তুতকারকের নাম ও ঠিকানাসহ আমদানিকারকের নাম ও ঠিকানা স্পষ্টভাবে মোড়কের গায়ে অমোচনীয় কালি বা সিলমোহরের মাধ্যমে উল্লেখ করতে হবে।
১৭. খাদ্যের মোড়ক তৈরীর কাঁচামাল ও প্রস্তুত সংক্রান্ত সকল তথ্যাদি মেয়াদ উভীর্ণের পর ন্যূনতম ৩ (তিনি) মাস পর্যন্ত সংরক্ষণ করতে হবে।

স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ ও মোড়কাবন্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা, ২০১৭ (www.bfsa.gov.com হতে ডাউনলোড যোগ্য) মেনে চলুন এবং স্বাস্থ্যসম্মত নিরাপদ খাবার নিশ্চিত করুন।